শিক্ষার্থী নির্দেশিকা
Learners' Guide

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রোগ্রাম
(এসএসসি প্রোগ্রাম)

Secondary School Certificate Programme
(SSC Programme)

ওপেন স্কুল
Open School

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

শিক্ষার্থী নির্দেশিকা
Learner's Guide

এসএসসি প্রোগ্রাম

প্রকাশ
জুলাই, ২০১৭

© বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রচ্ছদ
কাজী সাইফুদ্দীন আব্বাস

কম্পিউটার কম্পোজ
মির্জা শাহাজাদা ঈমরান

প্রকাশনা
প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫

সূচিপত্র

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচিতি	৪
উন্মুক্ত শিক্ষা	৫
উন্মুক্ত শিক্ষা পদ্ধতির বৈশিষ্ট্য	৫
ওপেন স্কুল	৬
ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রাম	৬
এসএসসি প্রোগ্রামের বৈশিষ্ট্য	৭
ভর্তির ন্যূনতম যোগ্যতা	৭
ফরম সংগ্রহ ও জমাদান	৮
ভর্তি ও রেজিস্ট্রেশন	৮
বিষয় নির্বাচন	৯
মানবিক শাখা	৯
ব্যবসায় শিক্ষা শাখা	১০
বিজ্ঞান শাখা	১১
কোর্স ফি	১২
পাঠসামগ্রী ও সহায়ক ব্যবস্থা	১২
স্টাডি সেন্টারে টিউটোরিয়াল সার্ভিস	১৩
পরীক্ষা	১৪
সার্টিফিকেট প্রদান	১৬
পাঠচক্র	১৬
পরিশিষ্ট-১ : ভর্তির আবেদন ফরমের নমুনা	১৭
পরিশিষ্ট-২ : শিক্ষার্থী কার্ড ও শিক্ষাসামগ্রী গ্রহণপত্রের নমুনা	১৮
বাউবি'র আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা	১৯-২৩
কেন্দ্রীয় পরামর্শ ও নির্দেশনা	২৪

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচিতি

বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইন অনুযায়ী **১৯৯২** সালের **২১** অক্টোবর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর জন্ম। বহুমুখি শিক্ষা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের সৃজন, চর্চা ও বিকাশই এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য। জীবনভর শিক্ষার দ্বার উন্মুক্ত করা এবং শিক্ষাকে অধিকতর গণমুখি ও জীবন-ঘনিষ্ঠ করে দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌঁছে দেয়ার মাধ্যমে একটি সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল জাতি গড়ে তুলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিশেষভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

ঢাকা শহরের উত্তরে গাজীপুর জেলার বোর্ডবাজারে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস অবস্থিত। এছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সংগঠনের জন্য সারা দেশে রয়েছে **১২**টি আঞ্চলিক কেন্দ্র, **৮০**টি উপ-আঞ্চলিক কেন্দ্র এবং **১,৫০২**টি স্টাডি সেন্টারের বিশাল নেটওয়ার্ক। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে ছয়টি একাডেমিক স্কুল এবং এগারোটি প্রশাসনিক বিভাগ। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন (**১৯৯২**) অনুসারে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকান্ড বোর্ড অব গভর্নরস্, একাডেমিক কাউন্সিল, পাঠ্যক্রম কমিটি, অর্থ কমিটি ও ওয়ার্কস কমিটি প্রভৃতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও নীতিমালা অনুযায়ী পরিচালিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের **মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ** এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। ভাইস-চ্যান্সেলর হিসেবে ২০১৩ সনের মার্চ থেকে বাউবি'র প্রশাসনিক এবং একাডেমিক কার্যক্রমে নেতৃত্ব দিচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বরেণ্য শিক্ষাবিদ ও ব্যবস্থাপনার **প্রফেসর ড. এম এ মাননান**।

এক নজরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গঠন কাঠামো



উন্মুক্ত শিক্ষা (Open Learning)

শিক্ষা ক্ষেত্রে দূরশিক্ষণ একটি আধুনিক ও প্রচলিত ধারার পরিপূরক পদ্ধতি। শিক্ষা প্রযুক্তি ও বহুমুখি যোগাযোগ মাধ্যম যেমন- মুদ্রিত সামগ্রী, বেতার, টেলিভিশন, টেলিফোন, কম্পিউটার, ইন্টারনেট ইত্যাদি ব্যবহারের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার, শিক্ষার্থীর চাহিদা পূরণ ও স্বাচ্ছন্দ্য বিধানই এ পদ্ধতির লক্ষ্য। এ পদ্ধতিতে শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান থেকে দূরে অবস্থান করেও নিজ পরিবেশে, আপন গতিতে ও নিজস্ব ধারায় শিক্ষালাভের সুযোগ পান।

বাউবি'র প্রচলিত উন্মুক্ত শিক্ষা পদ্ধতিতে শিক্ষার্থীর সহজে বোঝার উপযোগী মুদ্রিত উপকরণ সরবরাহ করা হয় যা একই সাথে পাঠ্যপুস্তক ও শিক্ষকের কাজ করে। এর সাথে সহায়ক হিসেবে সম্প্রচার করা হয় বেতার ও টিভি অনুষ্ঠান এবং বাউবি'র নিজস্ব ওয়েবটিভি ও ওয়েব রেডিওতে। ভিডিও/অডিও লেকচার **Bou Tube.com** ও **You Tube.com** এ নিয়মিত আপলোড করা হয়। বিভিন্ন একাডেমিক তথ্য **Education Apps** এর মাধ্যমে পরিবেশিত হচ্ছে। এপ্সগুলো বাউবি'র ওয়েবসাইট **(www.bou.edu.bd)** থেকে মোবাইলে ডাউনলোড করা যায়। এর সাথে সহায়ক হিসেবে সম্প্রচার করা হয় বেতার ও টিভি অনুষ্ঠান। এ ছাড়াও রয়েছে স্টাডি সেন্টারের মাধ্যমে টিউটোরিয়াল সার্ভিস ও অন্যান্য সহায়ক সার্ভিসের ব্যবস্থা। শিক্ষার্থী তার কাছাকাছি নির্দিষ্ট স্টাডি সেন্টারে ২০টি টিউটোরিয়াল ক্লাসের সুযোগ নিতে পারেন। নির্দিষ্ট টিউটরের সাথে মুখোমুখি তার শিখন বিষয়াদি সংক্রান্ত পরামর্শ নিতে পারেন।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতি নতুন না হলেও এ পদ্ধতিতে আনুষ্ঠানিক শিক্ষালাভের সুযোগ এদেশে নতুন। এ পদ্ধতিতে শিক্ষালাভ করে সার্টিফিকেট বা ডিগ্রি অর্জন করে নিজেকে সাবলম্বী করা যায়। পাশাপাশি উচ্চ শিক্ষা গ্রহণের দ্বার খুলে যায়।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতির বৈশিষ্ট্য

- যে কোনো বয়সের শিক্ষার্থীর জন্য শিক্ষার সুযোগ উন্মুক্ত করা;
- প্রচলিত প্রাতিষ্ঠানিক শিক্ষার নিয়ম-কানুনের বাইরে থেকেও স্বাধীনভাবে জ্ঞান অর্জনের সুযোগ;
- শিক্ষার্থীর সুবিধামত সময়ে ও স্থানে পড়ার সুযোগ;
- শিক্ষার্থীর পছন্দমত বিষয় নির্বাচনের স্বাধীনতা;
- শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী পাঠসামগ্রী তার কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা;
- শিক্ষার্থীর অর্জিত জ্ঞানের স্ব-মূল্যায়নে সহায়তা;
- আধুনিক শিক্ষা প্রযুক্তির সাহায্যে শিক্ষা পদ্ধতির ব্যবহার এবং প্রয়োজন অনুসারে সহায়ক সার্ভিসের ব্যবস্থা;

- নিয়মিত পেশাগত দায়িত্ব ও পারিবারিক দায়িত্ব পালন করেও শিক্ষালাভের সুযোগ।

ওপেন স্কুল

ওপেন স্কুল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ছয়টি স্কুলের মধ্যে শিক্ষার্থী, টিউটর ও স্টাডি সেন্টারের দিক থেকে সর্ববৃহৎ স্কুল। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ওপেন স্কুলের মাধ্যমেই বাংলাদেশের শহর ও গ্রাম-গ্রামান্তরে শিক্ষার প্রসার ঘটাচ্ছে। ওপেন স্কুলের মাধ্যমে যে কোনো স্তরের যে কোনো বয়সের শিক্ষার্থী শিক্ষা লাভের সুযোগ পায়। বর্তমানে এই স্কুল এসএসসি, এইচএসসি, এইচএসসি (নিশ-১) ও বিবিএস (ব্যাচেলর অব বিজনিস স্টাডিজ) প্রোগ্রাম পরিচালনা করছে। এছাড়া মৌলিক বিজ্ঞান ও গণিতের উপর অনানুষ্ঠানিক প্রোগ্রামও এ স্কুলের কার্যক্রমের অংশ। অচিরেই এমবিএস প্রোগ্রাম শুরু হবে।

ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রাম

বাংলাদেশে প্রচলিত শিক্ষা ধারায় প্রতি বছর বহু সংখ্যক শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়ে ঝরে পড়েন। এছাড়া অর্থনৈতিক ও সামাজিক পশ্চাদপদতার কারণে অনেক শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করার আগেই শিক্ষা প্রতিষ্ঠান ত্যাগ করেন। এ ব্যাপক পরিমাণ ঝরে পড়া শিক্ষার্থী ছাড়াও আমাদের দেশে অনেক কর্মরত ও বয়স্ক ব্যক্তি রয়েছেন যারা অষ্টম শ্রেণির পর আর প্রাতিষ্ঠানিক শিক্ষালাভের সুযোগ পাননি এবং যারা পুনরায় শিক্ষালাভের সুযোগ গ্রহণ করে নিজেদের ব্যক্তিগত ও পেশাগত দক্ষতা বৃদ্ধি করতে চান।

দেশের মানব সম্পদ ও অর্থনৈতিক উন্নয়নে মাধ্যমিক শিক্ষার প্রয়োজনীয়তা বিবেচনা করে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল ১৯৯৫ সাল থেকে দূরশিক্ষণের মাধ্যমে এসএসসি প্রোগ্রাম চালু করে। উল্লিখিত ঝরে পড়া, কর্মরত এবং বয়স্ক শিক্ষার্থীগণ এ প্রোগ্রামের প্রাথমিক উদ্দিষ্ট জনগোষ্ঠী, কেননা এ শিক্ষার্থীগণের অধিকাংশই প্রচলিত শিক্ষা প্রতিষ্ঠানে ফিরে যেতে অপারগ, অনিচ্ছুক বা অসমর্থ। এছাড়া নিয়মিত শিক্ষার্থী ইচ্ছে করলে এ প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারেন।

বাউবি কর্তৃক দূরশিক্ষণে প্রবর্তিত এসএসসি প্রোগ্রামে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নির্ধারিত শিক্ষাক্রম এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডে অনুসৃত পরীক্ষা পদ্ধতি অনুসরণ করা হয়। তবে দূরশিক্ষণ পদ্ধতির উপযোগী শিক্ষাক্রম অনুযায়ী বাউবি'র শিক্ষার্থীদের জন্য ভিন্ন পরিবেশনায় বিশেষ স্বশিক্ষণ পাঠসামগ্রী প্রস্তুত করা হয়, যা একই সাথে পাঠ্যপুস্তক ও শিক্ষকের কাজ করে।

এসএসসি প্রোগ্রামের বৈশিষ্ট্য

জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে প্রচলিত শিক্ষাধারার মতোই বাউবি'র এসএসসি প্রোগ্রামে ভর্তি হয়ে আপনি নির্ধারিত নম্বরের পরীক্ষায় পাস করলে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট লাভের যোগ্যতা অর্জন করবেন। দূরশিক্ষণ পদ্ধতির নীতি অনুযায়ী আপনি আপনার ইচ্ছা, সুবিধা বা সামর্থ্য অনুযায়ী সমস্ত প্রোগ্রামটি সর্বনিম্ন ২ (দুই) বছর এবং সর্বোচ্চ ৫ (পাঁচ) বছরে সমাপ্ত করতে পারবেন। প্রথম বছর আপনি নির্ধারিত আবশ্যিক ও নৈর্বাচনিক কোর্সসমূহ গ্রহণ করতে পারবেন এবং সর্বোচ্চ একই সংখ্যক কোর্সের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। পরবর্তী বছরে আপনি অবশিষ্ট আবশ্যিক ও নৈর্বাচনিক কোর্সসমূহ গ্রহণ করতে পারবেন। দ্বিতীয় বছরে ইচ্ছে করলে আপনি ১০০ নম্বরের একটি অতিরিক্ত ঐচ্ছিক বিষয় গ্রহণ করতে পারবেন। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত GP (Grade Point) ২.০০ এর অতিরিক্ত অংশটি চূড়ান্ত ফলাফলে (GPA) যোগ করা হবে। কোনো কোর্সের চূড়ান্ত পরীক্ষায় একবার পাস করলে, সে কোর্সে দ্বিতীয়বার পরীক্ষা দেওয়ার সুযোগ থাকবে না।

কোনো বছরে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেননি বা অকৃতকার্য হয়েছেন এমন কোর্সসমূহের ক্ষেত্রে রেজিস্ট্রেশন মেয়াদের মধ্যে অনুষ্ঠিত সকল পরীক্ষায় ফি প্রদান সাপেক্ষে পুনরায় অংশগ্রহণ করতে পারবেন। এভাবে সবকটি (ঐচ্ছিক কোর্স ছাড়া) কোর্স সফলভাবে সমাপ্ত করার পর আপনি এসএসসি সার্টিফিকেট লাভের যোগ্যতা অর্জন করবেন। উল্লেখ্য যে, ঐচ্ছিক কোর্স ছাড়া সবকটি বিষয় পাস হয়ে গেলে ঐচ্ছিক কোর্সের পুনরায় পরীক্ষা দেওয়ার সুযোগ থাকবে না। শিক্ষার্থীর জন্য প্রতিবর্ষে প্রতি কোর্সে ২০টি টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা থাকবে। পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর টিউটোরিয়াল ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক নয়। পরীক্ষার পূর্বে শিক্ষার্থীরা স্ব-স্ব স্টাডি সেন্টার থেকে তাদের পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা নিজ দায়িত্বে জেনে নেবেন। পরীক্ষা গ্রহণের তারিখ পত্রিকা মারফত জানানো হবে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা

- জেএসসি/অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় পাস/উত্তীর্ণ হতে হবে।
- অষ্টম শ্রেণি উত্তীর্ণদের ক্ষেত্রে আবেদনকারীর জন্ম তারিখ ৩১-১২-১৯৯৭ খ্রিষ্টাব্দের পরে হলে ভর্তির অযোগ্য বিবেচিত হবেন।

ফরম সংগ্রহ ও জমাদান

- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্র অথবা উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে ব্যাংক রসিদ সংগ্রহ করতঃ সোনালী ব্যাংকের বাউবি'র নির্ধারিত শাখায় (আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে জেনে নিতে হবে) ১০০/- টাকা জমা দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ ইন্টারনেট থেকে (http://www.bou.edu.bd) ভর্তি ফরম ডাউনলোড করতে পারবেন কিংবা ভর্তি ফরমের ফটোকপিও ব্যবহার করতে পারবেন। এক্ষেত্রে ফরম জমা দেয়ার সময় ১০০/- টাকার ব্যাংক রসিদ সংযুক্ত করতে হবে।
- সোনালী ব্যাংকের নির্ধারিত শাখা থেকে ১০০/- টাকা জমা দানের ব্যাংক রসিদ পূরণকৃত ফরমের সঙ্গে সংযুক্ত করে পূরণকৃত ফরম নির্ধারিত স্টাডি সেন্টারে জমা দিতে হবে। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে তার নিকট রক্ষিত ব্যাংক রসিদের ২য় কপি প্রদর্শন করতে হবে।

ভর্তি ও রেজিস্ট্রেশন

নির্দিষ্ট কোর্স ফি নির্ধারিত সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে এবং জমা রশিদের এক কপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র অথবা উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিয়ে নিম্নলিখিত কাজগুলো সম্পন্ন করার জন্য উপস্থিত হতে হবে।

- শিক্ষার্থী স্টাডি সেন্টার হতে বিনামূল্যে কিংবা বাউবি'র ওয়েবসাইট থেকে শিক্ষার্থী নির্দেশিকা সংগ্রহ করতে পারবেন।
- বিনামূল্যে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করে তা যথাযথ পূরণ করে জমা দিতে হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত শিক্ষার্থী নম্বরসহ আইডি কার্ড সংগ্রহ করতে হবে।
- ক্লাস শুরুর আগে স্টাডি সেন্টার হতে পাঠসামগ্রী সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষিত তারিখে ক্লাস শুরু হবে। ক্লাস শুরুর তারিখ সংশ্লিষ্ট স্টাডি সেন্টার থেকে জেনে নিতে হবে।

আবেদনপত্রের সঙ্গে যা জমা দিতে হবে

- চার কপি পাসপোর্ট আকারের ছবি। এর মধ্যে এক কপি আবেদনপত্রের উপরে ডান পাশে আঠা দিয়ে লাগাতে হবে এবং ফরমের কিছু অংশসহ ছবির উপরে এসএসসি সমন্বয়কারী কর্তৃক সত্যায়িত হতে হবে। বাকি তিন কপি ছবির পিছনে গেজেটেড কর্মকর্তা/কলেজের অধ্যক্ষ/স্কুলের প্রধান শিক্ষক/ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
- জন্ম তারিখ উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতার প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

- বিশ্ববিদ্যালয় শিক্ষক/গেজেটেড কর্মকর্তা/স্টাডি সেন্টারের প্রধান শিক্ষক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

বিষয় নির্বাচন

মানবিক শাখা

১ম বর্ষের কোর্সসমূহ

আবশ্যিক কোর্সসমূহ - ০৫টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যব: ফি
১.	বাংলা প্রথম পত্র	১৬৫১	১০০	৫০০	-
২.	ইংরেজি প্রথম পত্র	১৬৫২	১০০	৫০০	-
৩.	গণিত	১৬৫৩	১০০	৫০০	-
৪.	ইসলাম ও নৈতিক শিক্ষা/	১৬৫৪	১০০	৫০০	-
	হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/	১৬৫৫			
	খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা/	১৬৫৬			
	বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা	১৬৫৭			
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৩৭০	৫০	৫০০	-

নৈর্বাচনিক কোর্সসমূহ - ০২টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যব: ফি
৬.	বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা	১৬৫৯	১০০	৫০০	-
৭.	ভূগোল ও পরিবেশ	১৬৬০	১০০	৫০০	-

২য় বর্ষের কোর্সসমূহ

আবশ্যিক কোর্সসমূহ - ০৪টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যব: ফি
১.	বাংলা দ্বিতীয় পত্র	২৬৫১	১০০	৫০০	-
২.	ইংরেজি দ্বিতীয় পত্র	২৬৫২	১০০	৫০০	-
৩.	শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা	২৬৬৯	৭৫+২৫	৫০০	১০০
৪.	ক্যারিয়ার শিক্ষা	১৩৫৮	৫০	৫০০	-

নৈর্বাচনিক কোর্সসমূহ - ০২টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যব: ফি
৫.	অর্থনীতি/	২৬৭১	১০০	৫০০	-
	পৌরনীতি ও নাগরিকতা	২৬৭২	১০০	৫০০	-
৬.	বিজ্ঞান	২৬৭৩	১০০	৫০০	-

ঐচ্ছিক কোর্সসমূহ -যে কোনো ০১টি (নৈর্বাচনিক কোর্স বাদ দিয়ে)

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যব: ফি
৭.	অর্থনীতি/	২৬৭১	১০০	৫০০	-
	পৌরনীতি ও নাগরিকতা	২৬৭২	১০০	৫০০	-
	গার্হস্থ্য বিজ্ঞান	২৬৮৫	৭৫+২৫	৫০০	১০০

ব্যবসায় শিক্ষা শাখা

১ম বর্ষের কোর্সসমূহ

আবশ্যিক কোর্সসমূহ - ০৫টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
১.	বাংলা প্রথম পত্র	১৬৫১	১০০	৫০০	-
২.	ইংরেজি প্রথম পত্র	১৬৫২	১০০	৫০০	-
৩.	গণিত	১৬৫৩	১০০	৫০০	-
৪.	ইসলাম ও নৈতিক শিক্ষা/	১৬৫৪	১০০	৫০০	-
	হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/	১৬৫৫			
	খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা/	১৬৫৬			
	বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা	১৬৫৭			
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৩৭০	৫০	৫০০	-

নৈর্বাচনিক কোর্সসমূহ- ০২টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
৬.	ব্যবসায় উদ্যোগ	১৬৬৩	১০০	৫০০	-
৭.	হিসাব বিজ্ঞান	১৬৬৪	১০০	৫০০	-

২য় বর্ষের কোর্সসমূহ

আবশ্যিক কোর্সসমূহ - ০৪টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
১.	বাংলা দ্বিতীয় পত্র	২৬৫১	১০০	৫০০	-
২.	ইংরেজি দ্বিতীয় পত্র	২৬৫২	১০০	৫০০	-
৩.	শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা	২৬৬৯	৭৫+২৫	৫০০	১০০
৪.	ক্যারিয়ার শিক্ষা	১৩৫৮	৫০	৫০০	-

নৈর্বাচনিক কোর্সসমূহ - ০২টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
৫.	ফিন্যান্স ও ব্যাংকিং	২৬৭৬	১০০	৫০০	-
৬.	বিজ্ঞান	২৬৭৩	১০০	৫০০	-

ঐচ্ছিক কোর্সসমূহ - যে কোনো ০১টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি

৭.	ভূগোল ও পরিবেশ	২৬৬০	১০০	৫০০	-
	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	২৬৮১	১০০	৫০০	-
	গার্হস্থ্য বিজ্ঞান	২৬৮৫	৭৫+২৫	৫০০	১০০

*** কৃষি শিক্ষা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) ২০১৮ ব্যাচ হতে কার্যকর হবে।**

বিজ্ঞান শাখা

১ম বর্ষের কোর্সসমূহ

আবশ্যিক কোর্সসমূহ - ০৫টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
১.	বাংলা প্রথম পত্র	১৬৫১	১০০	৫০০	-
২.	ইংরেজি প্রথম পত্র	১৬৫২	১০০	৫০০	-
৩.	গণিত	১৬৫৩	১০০	৫০০	-
৪.	ইসলাম ও নৈতিক শিক্ষা/	১৬৫৪	১০০	৫০০	-
	হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/	১৬৫৫			
	খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা/	১৬৫৬			
	বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা	১৬৫৭			
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৩৭০	৫০	৫০০	-

নৈর্বাচনিক কোর্সসমূহ- ০২টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
৬.	পদার্থ বিজ্ঞান	১৬৬৭	৭৫+২৫	৫০০	১০০
৭.	রসায়ন	১৬৬৮	৭৫+২৫	৫০০	১০০

২য় বর্ষের কোর্সসমূহ

আবশ্যিক কোর্সসমূহ - ০৪টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
১.	বাংলা দ্বিতীয় পত্র	২৬৫১	১০০	৫০০	-
২.	ইংরেজি দ্বিতীয় পত্র	২৬৫২	১০০	৫০০	-
৩.	শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা	২৬৬৯	৭৫+২৫	৫০০	১০০
৪.	ক্যারিয়ার শিক্ষা	১৩৫৮	৫০	৫০০	-

নৈর্বাচনিক কোর্সসমূহ - ০২টি

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
৫.	জীব বিজ্ঞান/	২৬৭৯	৭৫+২৫	৫০০	১০০
	উচ্চতর গণিত	২৬৮০	৭৫+২৫	৫০০	১০০

৬.	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	২৬৮১	১০০	৫০০	-

ঐচ্ছিক কোর্সসমূহ - যে কোনো ০১টি (নৈর্বাচনিক কোর্স বাদ দিয়ে)

ক্রম.	কোর্সের নাম	কোর্স কোড	পূর্ণমান	কোর্স ফি	ব্যবহারিক ফি
৭.	জীববিজ্ঞান/	২৬৭৯	৭৫+২৫	৫০০	১০০
	উচ্চতর গণিত	২৬৮০	৭৫+২৫	৫০০	১০০
	ভূগোল ও পরিবেশ	২৬৬০	১০০	৫০০	-
	গার্হস্থ্য বিজ্ঞান	২৬৮৫	৭৫+২৫	৫০০	১০০

কোর্স ফি

কোর্স সংখ্যার উপর নির্ভর করে উপরে বর্ণিত হারে প্রথম বর্ষের কোর্সসমূহের জন্য প্রথম বর্ষে এবং ২য় বর্ষের কোর্সসমূহের জন্য ২য় বর্ষে কোর্স ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। এছাড়া অন্যান্য ফি বর্ণিত হলো।

খাত	ফি (টাকা)	মন্তব্য
রেজিস্ট্রেশন ফি	১৫০.০০	প্রথম বর্ষের ভর্তির সময় প্রযোজ্য
একাডেমিক ক্যালেন্ডার	৫০.০০	ঐ

সনদপত্র ও অন্যান্য ফি

খাত	ফি (টাকা)	মন্তব্য
নম্বরপত্র	২০০.০০	নির্ধারিত ক্ষেত্রে প্রদেয়
প্রশংসাপত্র	৫০.০০	ঐ
সাময়িক সনদপত্র	২০০.০০	ঐ
মূল সনদপত্র	৪০০.০০	ঐ
পুনঃপরীক্ষা ফি	১০০.০০	ঐ

শিক্ষার্থীকে স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ভর্তির সময় প্রদেয় সত্যায়িত কাগজপত্রাদি ও শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি প্রদর্শন করাসহ পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি জমা দিতে হবে। ভর্তি প্রক্রিয়ায় শিক্ষার্থীকে নিজে অংশগ্রহণ করতে হবে। কোনো অবস্থাতেই বর্ণিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করলে বা ভর্তির সময় সঠিক তথ্য না দিলে ভর্তি বাতিল/আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। একজন শিক্ষার্থীকে রেজিস্ট্রেশনের সময় কোর্সের নাম ও কোর্স কোড সঠিকভাবে উল্লেখ করতে হবে (নির্দেশিকা অনুযায়ী)।

পাঠসামগ্রী ও সহায়ক ব্যবস্থা

পাঠসামগ্রী

আপনাকে প্রতিটি কোর্সের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পাঠসামগ্রী সরবরাহ করা হবে। নির্দিষ্ট ব্যাংকে রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ দেখিয়ে আপনার স্টাডি সেন্টার থেকে আপনি এ পাঠসামগ্রী সংগ্রহ করবেন। এ পাঠসামগ্রীগুলো সুপরিকল্পিত এবং স্বশিক্ষণ উপযোগী সহজ ও সাবলীল ভাষায় লেখা। এতে বিষয়বস্তু বর্ণনার সাথে করণীয় কাজের প্রয়োজনীয় নির্দেশনাবলি আছে। দূরশিক্ষণে পাঠসামগ্রী বিষয়বস্তু উপস্থাপন ছাড়াও শিক্ষকের ভূমিকা পালন করে।

বেতার ও টিভি অনুষ্ঠান

দূরশিক্ষণে আপনার পাঠে সহায়তা প্রদানের জন্য বেতার ও টিভি এ দু'টি গণমাধ্যমে নির্ধারিত সময়ে অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা রয়েছে। ওপেন স্কুলের প্রোগ্রামের জন্য বেতার ও টিভি অনুষ্ঠানের প্রচারসূচি নিম্নরূপ :-

- বেতার অনুষ্ঠান : প্রতি সোমবার রাত ৭:০৫ থেকে ৭:৩০ পর্যন্ত।
- বিটিভি অনুষ্ঠান : প্রতি শনিবার সকাল ৭:১৫ থেকে ৮:০০ পর্যন্ত।

বিঃ দ্রঃ অনুষ্ঠানসূচি পরিবর্তনের যে কোনো তথ্য প্রচার মাধ্যমে জানানো হবে।

স্টাডি সেন্টারে টিউটোরিয়াল সার্ভিস

বাউবি'র সাথে আপনার যোগাযোগের স্থান হচ্ছে স্টাডি সেন্টার। প্রতিটি কোর্সের জন্য একজন শিক্ষার্থী ২০টি টিউটোরিয়াল সার্ভিস ক্লাস পাবেন। ব্যবহারিক অংশের জন্য অতিরিক্ত ৫টি টিউটোরিয়াল সার্ভিস ক্লাস পাবেন। টিউটোরিয়াল ক্লাসে টিউটরগণ নিয়মিত শ্রেণি শিক্ষকের মত পড়াবেন না। তারা আপনার পাঠ সংক্রান্ত সমস্যা ও পাঠ্যপুস্তকের অপেক্ষাকৃত কঠিন অংশের উপর পরামর্শ ও নির্দেশনা দেবেন। উল্লেখ্য যে, নির্ধারিত কেন্দ্রে নির্দিষ্ট দিনে ও সময়ে টিউটোরিয়াল সার্ভিস অনুষ্ঠিত হবে।

প্রথম টিউটোরিয়াল ক্লাসে আপনি কী করবেন?

- নিজের পরিচয় দেবেন এবং আপনার টিউটর ও অন্যান্য শিক্ষার্থীর সঙ্গে পরিচিত হবেন।
- শিক্ষাগ্রহণ পদ্ধতি নিয়ে টিউটরের সঙ্গে আলোচনা করবেন।
- একাডেমিক ও প্রশাসনিক সমস্যা থাকলে টিউটরের পরামর্শ ও নির্দেশনা নেবেন।
- পাঠসামগ্রী সম্পর্কে প্রাথমিক ধারণা সংক্রান্ত আলোচনা করবেন।
- পরবর্তী ক্লাসসমূহ সম্পর্কে ধারণা নেবেন।

অন্যান্য টিউটোরিয়াল ক্লাসে আপনি কী করবেন?

- প্রদত্ত পাঠ থেকে প্রশ্ন করবেন ও উত্তর জেনে নেবেন।
- বাড়ির কাজ (যদি থাকে) জমা দেবেন ও আগামী দিনের জন্য বাড়ির কাজ নেবেন।
- নির্দিষ্ট পাঠ থেকে আপনার সমস্যা টিউটরকে অবহিত করবেন ও সমাধান জেনে নেবেন।
- সমস্যা নিয়ে নিজেদের ভেতরে আলোচনা করুন ও সমাধানের উপায় বের করবেন।

শেষ টিউটোরিয়াল ক্লাসে আপনি কী করবেন?

- পরীক্ষার স্থান ও সময় সম্পর্কে জেনে নেবেন।
- পরীক্ষার খাতায় লিখবার পদ্ধতি ভালভাবে জেনে নেবেন।
- পরীক্ষার নিয়ম নীতি জেনে নেবেন।
- পাঠ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে আলোচনা করবেন।

টিউটোরিয়াল সার্ভিস দেওয়া হয় আপনার পাঠ সংক্রান্ত সমস্যার পরামর্শ ও নির্দেশনা দেওয়ার জন্য। এজন্য ক্লাসের পূর্বেই পাঠসমূহ ভালভাবে পড়ে নিন ও কঠিন অংশ চিহ্নিত করুন। কঠিন অংশটুকুর সমাধানের জন্য টিউটরের সাহায্য গ্রহণ করুন।

পরীক্ষা

পরীক্ষা গ্রহণের সময়

একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী পরীক্ষা গ্রহণের তারিখ অর্থাৎ পরীক্ষার সময়সূচি পত্রিকাতে প্রকাশিত হবে।

পরীক্ষার নিয়ম

- প্রতিটি ১০০ ও ৫০ নম্বরের কোর্সের তত্ত্বীয় পরীক্ষা যথাক্রমে একটানা তিন ও দুই ঘন্টাব্যাপী অনুষ্ঠিত হবে।
- ব্যবহারিক পরীক্ষার মান ও প্রকৃতি অনুসারে সময় নির্ধারিত হবে।

পরীক্ষা কেন্দ্র

- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে আপনার পরীক্ষা অনুষ্ঠিত হবে। আপনি কোন পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন তার ঘোষণা পরীক্ষার একমাস পূর্বে আপনার টিউটোরিয়াল কেন্দ্রের মাধ্যমে জানতে পারবেন।
- ব্যবহারিক পরীক্ষা সাধারণত আপনার সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার ফলাফল প্রকাশের নিয়ম

ক) পরীক্ষার ফলাফল গ্রেড পদ্ধতিতে প্রকাশ করা হবে। এক্ষেত্রে কোনো বিভাগ, লেটার মার্ক, স্টার মার্ক উল্লেখ থাকবে না এবং মেধা তালিকা প্রণয়ন বা প্রকাশ করা হবে না। শুধু প্রতি কোর্সে প্রাপ্ত লেটার গ্রেড এবং সকল কোর্সে প্রাপ্ত Grade Point (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর Grade Point Average (GPA) উল্লেখ থাকবে।

খ) পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেডে রূপান্তরের পদ্ধতি নিম্নরূপ ঃ

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বর	গ্রেড পয়েন্ট
A+	৮০ -১০০	৫(পাঁচ)
A	৭০-৭৯	৪(চার)
A-	৬০-৬৯	৩.৫(সাড়ে তিন)
B	৫০-৫৯	৩(তিন)
C	৪০-৪৯	২(দুই)
D	৩৩-৩৯	১(এক)
F	০-৩২	০(শূন্য)

গ) গ্রেড পদ্ধতিতে ফলাফল গ্রেড পয়েন্ট এভারেজ বা GPA হিসেবে প্রকাশিত হবে। প্রত্যেক বিষয়ে প্রাপ্ত গ্রেডকে পয়েন্টে (সর্বোচ্চ পাঁচ এবং সর্বনিম্ন 'শূন্য') রূপান্তরিত করে তার গড় নির্ণয় করা হবে। এটিই হবে গ্রেড পয়েন্ট এভারেজ, যাকে কোন লেটার গ্রেড (A^+, A, A^-, B, C, D ও F) এর সাথে সম্পর্কযুক্ত করা হবে না। তবে একাডেমিক ট্রান্সক্রিপ্টে পরীক্ষার্থীর প্রত্যেক কোর্সের ফলাফল লেটার গ্রেড আকারে (A^+, A, A^-, B, C, D ও F) উল্লেখ থাকবে।

ঘ) কোনো কোর্সের পরীক্ষা পাসের জন্য সংশ্লিষ্ট কোর্সে কমপক্ষে 'D' গ্রেড পেতে হবে অর্থাৎ তার GPA কমপক্ষে ১.০ (এক) হতে হবে।

ঙ) একাধিক অংশ সম্বলিত কোর্সসমূহের (যেমন- রচনামূলক, নৈর্ব্যক্তিক ও ব্যবহারিক) প্রত্যেক অংশে আলাদা আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। উত্তীর্ণ সকল অংশে প্রাপ্ত নম্বরের যোগফলের উপর ভিত্তি করে ঐ কোর্সের গ্রেড নির্ধারণ করা হবে। যেকোনো একটি অংশে অনুত্তীর্ণ হলে ঐ কোর্সে অনুত্তীর্ণ বলে বিবেচিত হবে। উত্তীর্ণ হওয়ার জন্য রচনামূলক অংশে ১০০, ৭৫, ৭০, ৬০, ৫০, ৪০ নম্বরের মধ্যে কমপক্ষে যথাক্রমে ৩৩, ২৫, ২৪, ২০, ১৭, ১৩ নম্বর; নৈর্ব্যক্তিক বা ব্যবহারিক অংশে ৫০, ৪০, ৩৫, ৩০, ২৫ নম্বরের মধ্যে কমপক্ষে যথাক্রমে ১৭, ১৪, ১২, ১০, ৯ নম্বর পেতে হবে।

চ) পরীক্ষায় ফল প্রকাশের ক্ষেত্রে উত্তীর্ণ পরীক্ষার্থীর ID নম্বরের পাশে GPA এবং অনুত্তীর্ণ পরীক্ষার্থীর ID নম্বরের পাশে বন্ধনীতে 'F' লেখা থাকবে।

ছ) এসএসসি প্রোগ্রামে ভর্তি হওয়ার পর কোনো শিক্ষার্থী পাঁচ বছরের মধ্যে প্রোগ্রামটি সম্পন্ন করতে না পারলে এ বিশ্ববিদ্যালয়ে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে। তবে শিক্ষার্থী ইচ্ছা করলে পুনরায় নতুনভাবে এ প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ

আপনি নিয়মিত বছরে কোনো কোর্সের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা কোনো কোর্সের পরীক্ষায় অংশ নিয়ে 'F' গ্রেড প্রাপ্ত হলে, ঐ কোর্সে আপনার রেজিস্ট্রেশনের মেয়াদ (পাঁচ বছর)-এর মধ্যে পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। পুনরায়/অনিয়মিত পরীক্ষা দেবেন এমন প্রতিটি কোর্সের জন্য নির্ধারিত ফি (১৫০/- টাকা) নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে টাকা জমাদানের রসিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে বাউবি'র পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। আপনার স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে বাউবি'র নিয়মিত পরীক্ষার্থীদের সাথেই আপনার পুনঃপরীক্ষা গ্রহণের ব্যবস্থা নেওয়া হবে। পুনঃপরীক্ষা ফি জমা দেয়ার জন্য নির্ধারিত সময় বাউবি'র পরীক্ষা বিভাগ কর্তৃক ঘোষণা করা হবে। সংশ্লিষ্ট স্টাডি সেন্টার, উপ-আঞ্চলিক কেন্দ্র বা আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে আপনি তা নিজ দায়িত্বে জেনে নেবেন।

পরীক্ষায় উত্তরদানের মাধ্যম

বাংলা এবং ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া অন্যান্য বিষয়ের পরীক্ষার উত্তর বাংলা বা ইংরেজি যে কোনো একটি ভাষায় প্রদান করতে হবে। একই বিষয়ের পরীক্ষার উত্তরপত্রে বাংলা ও ইংরেজি ভাষার মিশ্রণ করা চলবে না। তবে বিষয়ভিত্তিক টেকনিক্যাল শব্দগুলো এবং উদ্ধৃতি বা সংজ্ঞা ইংরেজিতে লেখা যাবে।

সার্টিফিকেট প্রদান

এসএসসি প্রোগ্রামের নির্ধারিত কোর্সসমূহে উত্তীর্ণ হওয়ার পর আপনি সার্টিফিকেট পাওয়ার যোগ্যতা অর্জন করবেন। সার্টিফিকেটে GPA উল্লেখ থাকবে। কোনো পরীক্ষার্থী কোনো এক বিষয়ে (ঐচ্ছিক বিষয় ব্যতীত) 'F' গ্রেড প্রাপ্ত হলে সার্টিফিকেট পাবেন না। তবে শিক্ষাগত মূল্যায়ন পত্র পাবেন। আপনাকে নির্দিষ্ট ব্যাংকে নির্ধারিত ফি জমা দিয়ে আপনার আঞ্চলিক কেন্দ্রে মূল আইডি কার্ড প্রদর্শন করে সাময়িক সনদপত্র গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বাউবি'র পরীক্ষা বিভাগে আসার প্রয়োজন নেই।

পাঠচক্র

দূরশিক্ষণে শিক্ষাগ্রহণের দায়িত্ব মূলত আপনারই। আপনার এলাকায় বা স্টাডি সেন্টারে বাউবি'র এসএসসি প্রোগ্রামের অন্যান্য শিক্ষার্থীদের সাথে নিয়ে আপনি পাঠচক্র বা স্টাডি গ্রুপ গড়ে তুলতে পারেন। এ পাঠচক্রে আপনারা পাঠ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিজেদের সুবিধাজনক সময়ে আলোচনা করে পরস্পর পরস্পরকে সহায়তা করতে পারেন। পাঠচক্রের গঠন ও কার্যাবলি আপনাদের সুবিধা অনুযায়ী নিজেরা আলোচনা করে ঠিক করে নেবেন। পারস্পরিক সহযোগিতার মধ্য দিয়ে আপনারা প্রত্যেকেই হতে পারেন সফল শিক্ষার্থী। আপনার সাফল্যই আমাদের গর্ব।

পরিশিষ্ট-১

ভর্তির আবেদনপত্রের নমুনা

কেন্দ্রের সীলসহ গ্রহণকারীর স্বাক্ষরঃ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ওপেন স্কুল

অফিসে জমার ক্রঃ নং	জমার তারিখ	ব্যাংক রসিদ নং	ব্যাংকে জমার তারিখ

ভর্তির আবেদনপত্র
এসএসসি প্রোগ্রাম
শিক্ষাবর্ষ ২০১৪-১৫

ছবি

ভর্তির দায়িত্বপ্রাপ্ত বাউবি কর্মকর্তা সত্যায়িত ছবি দেখে ছবির উপর অর্ধেক ও বাকী অর্ধেক কাগজের উপর স্বাক্ষর করবেন (সীলসহ)

(আবেদনকারীকে নিজ হাতে ফর্ম পূরণ করতে হবে।
নাম, পিতার নাম ও জন্ম তারিখ জেএসসি/অষ্টম শ্রেণি/সমমান সনদ অনুযায়ী হতে হবে)

১. আবেদনকারীর নাম (বাংলা) : ....
ইংরেজি (বড় হাতের অক্ষরে) : ....
২. জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) : ....
৩. জন্ম তারিখ : .... ৪. জন্মস্থান : ....
৫. আবেদনকারীর পিতার নাম : ....
৬. আবেদনকারীর মাতার নাম : ....
৭. আবেদনকারীর অভিভাবকের নাম ও সম্পর্ক (প্রযোজ্য ক্ষেত্রে) : ....
৮. বর্তমান ঠিকানা (পোস্টাল কোডসহ) : ....
....
৯. স্থায়ী ঠিকানা (পোস্টাল কোডসহ) : ....
....
১০. মোবাইল নম্বর (নিজস্ব অথবা যাঁর মাধ্যমে যোগাযোগ করা যাবে) : ....
১১. ই-মেইল (যদি থাকে) : ....
১২. জাতীয়তা : [ ] ১৩. পুরুষ/মহিলা [ ] ১৪. ধর্ম [ ]
১৫. কোন্ আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে শিক্ষা গ্রহণ করতে ইচ্ছুক (যে কোন একটিতে টিক (√) চিহ্ন দিন) :
(ক) ঢাকা (খ) চট্টগ্রাম (গ) রাজশাহী (ঘ) রংপুর (ঙ) বগুড়া (চ) ফরিদপুর
(ছ) খুলনা (জ) যশোর (ঝ) ময়মনসিংহ (ঞ) কুমিল্লা (ট) বরিশাল (ঠ) সিলেট।
১৬. যদি কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকেন, প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও পদের নাম : ....
১৭. শিক্ষাগত যোগ্যতা ঃ
(ক) শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ....
....

পরীক্ষার নাম	শিক্ষাবোর্ড	পরীক্ষার রোল নং	বৎসর	বিভাগ/জিপিএ
জেএসসি/অষ্টম শ্রেণি/সমমান				

১৮. **টাকা জমাদানের ব্যাংক রসিদ নং ও তারিখ এবং টাকা জমার পরিমাণ**..
ব্যাংক শাখার নাম ও ঠিকানা : ....
১৯. ভর্তিচ্ছু স্টাডি সেন্টারের নাম : .... শাখা : বিজ্ঞান / মানবিক / ব্যবসায় শিক্ষা

আমি অঙ্গীকার করছি যে, ফর্মে প্রদত্ত সকল তথ্য সঠিক। ফর্মে প্রদত্ত কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে আমার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ | সমন্বয়কারীর স্বাক্ষর ও তারিখ | বাউবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

✂--

কেন্দ্রের সীলসহ গ্রহণকারীর স্বাক্ষরঃ

প্রতিপত্র (Counterfoil)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ওপেন স্কুল

অফিসে জমার ক্রঃ নং	জমার তারিখ	ব্যাংক রসিদ নং	ব্যাংকে জমার তারিখ

ভর্তির আবেদনপত্র
এসএসসি প্রোগ্রাম
শিক্ষাবর্ষ ২০১৪ -১৫

ছবি

ভর্তির দায়িত্বপ্রাপ্ত বাউবি কর্মকর্তা সত্যায়িত ছবি দেখে ছবির উপর অর্ধেক ও বাকী অর্ধেক কাগজের উপর স্বাক্ষর করবেন (সীলসহ)

১. আবেদনকারীর নাম : ....
২. জন্ম তারিখ ও জন্মস্থান : ....
৩. আবেদনকারীর পিতার নাম : ....
৪. আবেদনকারীর মাতার নাম : ....
৫. **ব্যাংক রসিদ নং ও তারিখ** : .... **ব্যাংক শাখার নাম ও ঠিকানা :** ....

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ | সমন্বয়কারীর স্বাক্ষর ও তারিখ | বাউবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট-২

শিক্ষার্থী কার্ড ও শিক্ষাসামগ্রী গ্রহণপত্রের নমুনা

পাসপোর্ট সাইজের একটি ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং কার্ডের কিছু অংশসহ ছবির উপরে বাউবি'র স্টাডি সেন্টার সমন্বয়কারী কর্তৃক সত্যায়িত হতে হবে। এরপর ছবিটি স্বচ্ছ টেপ দিয়ে আটকিয়ে পাঞ্চ মেশিন দিয়ে ছিদ্র করতে হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫

পরীক্ষার হলে মোবাইল ফোন ও হ্যান্ডব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ

শিক্ষার্থী কার্ড

.... প্রোগ্রাম

শিক্ষার্থী আইডি নম্বর : □□-□-□□-□□□-□□□
(অফিস কর্তৃক পূরণের জন্য)

শিক্ষার্থীর নাম (বাংলায়) : ____________________

(ইংরেজি বড় হাতের অক্ষরে) : ____________________

পিতার নাম : ____________________

মাতার নাম : ____________________

ঠিকানা : ____________________

____

জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) : ____________________

মোবাইল ফোন নম্বর : ____________ ই-মেইল : ____________

দপ্তরের সীলমোহর

শিক্ষার্থীর স্বাক্ষর
(রেজিস্ট্রেশন কার্ডে প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ)

ভর্তি কর্মকর্তার স্বাক্ষর ও সীল

(২য় পাতা)

কোর্স সামগ্রী বিতরণ

কোর্স কোড	১ম বর্ষ	প্রদানকারীর স্বাক্ষর ও তারিখ	কোর্স কোড	২য় বর্ষ	প্রদানকারীর স্বাক্ষর ও তারিখ

- শিক্ষার্থী কার্ডের ফটোকপি সংরক্ষন করতে হবে।
- পরীক্ষায় ব্যবহারের জন্য কলম, পেন্সিল, ইরেজার, স্কেল ও শিক্ষার্থী কার্ড ছাড়া অন্য কিছু সঙ্গে রাখা যাবে না।

আঞ্চলিক কেন্দ্র ও চলমান উপ-আঞ্চলিক কেন্দ্রের তালিকা

<table>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, ঢাকা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৪/ক গভর্ণমেন্ট ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি
ঢাকা-১২০৫। ফোন: ৯৬৭৩৬৬৯, ৮৬১৯৬২০</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ধামরাই
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
বাড়িঃ ১৩২/৩, ব্লকঃ এ, দক্ষিণপাড়া,
থানা রোড, ধামরাই, ঢাকা-১৩৫০।
ফোন: ০২-৭৭৩১০৪৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নরসিংদী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
রিয়াজ ভিলা, ৩৫৮/৪ পশ্চিম ব্রাহ্মন্দী,
নরসিংদী।
ফোন: ৯৪৫১৫১৯</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, গাজীপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
১১৭/সি, রজনী গন্ধা, মাধববাড়ী মোড়,
দক্ষিণ ছায়াবীথি, গাজীপুর-১৭০০।
ফোন: ৯২৬১৩১১</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, শ্রীনগর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
উপজেলা আদালত ভবন
শ্রীনগর, মুন্সিগঞ্জ।
ফোন: ০২-৭৬২৭২৪৬</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মানিকগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নওখঙ্গা, পুলিশ লাইন
মানিকগঞ্জ।
ফোন: ৭৭১০৭৬২</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নারায়নগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৬১২/২ পূর্ব চাঁনমারী,
৭০ উত্তর চাষাঢ়া, নারায়নগঞ্জ।
ফোন: ০২-৭৬৩৫১৭৭</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মুন্সিগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
হাসপাতাল রোড, মানিকপুর, মুন্সিগঞ্জ।
ফোন: ০২-৭৬২০৩৯০</td><td></td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, ময়মনসিংহ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মাসকান্দা, ময়মনসিংহ।
ফোন : ০৯১-৬৫২৯৮
ফ্যাক্স : ০৯১-৬২৩৮১</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, টাঙ্গাইল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাড়াইল, দেলদুয়ার রোড
টাঙ্গাইল।
ফোন : ০৯২১-৬১০১১</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নেত্রকোণা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নাগড়া মীরবাড়ী, বি.এ.ডি.সি অফিসের
পিছনে, নেত্রকোণা।
ফোন : ০৯৫১-৬২৩৮১</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, শেরপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
দক্ষিণ নবীনগর,বয়রা পরাণপুর,
শেরপুর। ফোন : ০৯৩১-৬২৪৭৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, কিশোরগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নগুয়া শেষ মোড়, কিশোরগঞ্জ।
ফোন : ০৯৪১-৬১৬৮৭</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, জামালপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
লাঙ্গলজোড়া, বিলপাড়া</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মধুপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
শিরিন মহল, ফজলুল হক রোড,</td></tr>
</table>

জামালপুর। ফোন : ০৯৮১-৬৩৯১৭	আদালতপাড়া, মধুপুর, টাঙ্গাইল। ফোন : ০৯২২৮-৫৬২২২
আঞ্চলিক কেন্দ্র, কুমিল্লা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ঢাকা-চট্টগ্রাম ট্রাংক রোড, নোয়াপাড়া, দূর্গাপুর আদর্শ সদর, কুমিল্লা-৩৫০০। ফোন: ০৮১-৭৭৫৫৭	
উপ-আঞ্চলিক কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দক্ষিন সুহিলপুর (২নং গ্যাস ফিল্ড সংলগ্ন) ডাকঘর: ঘাটুরা, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০। ফোন : ০৮৫১-৬৩২৪৪	**উপ-আঞ্চলিক কেন্দ্র, লক্ষ্মীপুর** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় টি.এন্ড.টি রোড, বাগবাড়ি লক্ষ্মীপুর-৩৭০০। ফোন : ০৩৮১-৬২৭৮৫
উপ-আঞ্চলিক কেন্দ্র, চাঁদপুর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চাঁদপুর ০৫৮-০২, আল্লাহর দান স্বর্ণখোলা রোড (নতুন বাসস্ট্যান্ড), চাঁদপুর-৩৬০০। ফোন : ০৮৪১-৬৬৯৯৯	**উপ-আঞ্চলিক কেন্দ্র, নোয়াখালী** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মেইন রোড, মাইজদী বাজার নোয়াখালী-৩৮০০। ফোন : ০৩২১-৬২৯০০
উপ-আঞ্চলিক কেন্দ্র, ফেনী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় খাজুরিয়া, ফেনী-৩৯০০। ফোন : ০৩৩১-৬৩১০০	**উপ-আঞ্চলিক কেন্দ্র, দাউদকান্দি** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দাউদকান্দি উপজেলা পরিষদ দাউদকান্দি, কুমিল্লা- ৩৫১৬।
আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সিআরবি রোড, চট্টগ্রাম। ফোন: ০৩১-৬১৯৬৩৩, ০৩১-৬৩৬৭১৮	
উপ-আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ৩য় তলা, জেলা পরিষদ কমপ্লেক্স নিউ সার্কিট হাউস রোড কক্সবাজার। ফোন : ০৩৪১-৬৩৫০৭	**উপ-আঞ্চলিক কেন্দ্র, খাগড়াছড়ি** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গোলাবাড়ী রোড (সরকারি মহিলা কলেজের সামনে) খাগড়াছড়ি পার্বত্য জেলা। ফোন : ০৩৭১-৬২০২৯
উপ-আঞ্চলিক কেন্দ্র, রাঙামাটি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় রাঙ্গাপানি রোড ভেদভেদি, রাঙামাটি পার্বত্য জেলা। ফোন : ০৩৫১-৬২৪০৫	**উপ-আঞ্চলিক কেন্দ্র, বান্দরবান** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কালাঘাটা, রোয়াংছড়ি রোড বান্দরবান পার্বত্য জেলা। ফোন : ০৩৬১-৬২৬৯৭
আঞ্চলিক কেন্দ্র, সিলেট বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট। ফোন : ০৮২১-৭১৯৫২৩	
উপ-আঞ্চলিক কেন্দ্র, মৌলভীবাজার	**উপ-আঞ্চলিক কেন্দ্র, সুনামগঞ্জ**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ভিটিআই রোড, মৌলভীবাজার। ফোন : ০৮৬১-৬২০০৪	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ওয়েজ খালী, সুনামগঞ্জ। ফোন : ০৮৭১-৬১৩৬৫
উপ-আঞ্চলিক কেন্দ্র, হবিগঞ্জ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় রাজনগর, আ/এ, (হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের সন্নিকটে) হবিগঞ্জ। ফোন : ০৮৩১-৬২২৪৮	**উপ-আঞ্চলিক কেন্দ্র, ছাতক** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ছাতক উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ। ফোন : ০৮৭২-৩৫৬২৩৬
আঞ্চলিক কেন্দ্র, বরিশাল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হাউজিং এস্টেট, রূপাতলী, বরিশাল। ফোন : ০৪৩১-৭১৪৮২	
উপ-আঞ্চলিক কেন্দ্র, ভোলা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় খেয়াঘাট রোড, চরনোয়াবাদ, ভোলা। ফোন : ০৪৯১-৬১২৩০	**উপ-আঞ্চলিক কেন্দ্র, পিরোজপুর** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বাইপাস রোড, পিরোজপুর। ফোন : ০৪৬১-৬৩১৫৫
উপ-আঞ্চলিক কেন্দ্র, বরগুনা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কালীবাড়ী রোড, বরগুনা। ফোন : ০৪৪৮-৬২১১২	**উপ-আঞ্চলিক কেন্দ্র, পটুয়াখালী** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তিতাস সিনেমা হল রোড, পটুয়াখালী। ফোন : ০৪৪১-৬৪১২০
আঞ্চলিক কেন্দ্র, রংপুর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় বাসটার্মিনাল সংলগ্ন আর.কে রোড, রংপুর-৫৪০০। ফোন : ০৫২১-৬৩৫৯৩	
উপ-আঞ্চলিক কেন্দ্র, দিনাজপুর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শেখপাড়া (মাতাসাগর) দিনাজপুর। ফোন : ০৫৩১-৬১০৫৬	**উপ-আঞ্চলিক কেন্দ্র, লালমনিরহাট** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কলেজ রোড, ভোকেশনাল মোড়, লালমনিরহাট। ফোন : ০৫৯১-৬২৫৩৯
উপ-আঞ্চলিক কেন্দ্র, পঞ্চগড় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সিংহপাড়া, পুলিশ লাইন সংলগ্ন, পঞ্চগড়। ফোন-০৫৬৮-৬১৯০৯	**উপ-আঞ্চলিক কেন্দ্র, নীলফামারী** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কুখাপাড়া (জোড়া দরগাহ) সৈয়দপুর রোড, নীলফামারী। ফোন-০৫৫১-৬১৯৭৮
উপ-আঞ্চলিক কেন্দ্র, সৈয়দপুর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বাড়ি নং-৯৫, রোড নং-০১ নতুন বাবুপাড়া, পৌরসভা রোড সৈয়দপুর, নীলফামারী। ফোন : ০৫৫২-৬২৫০৭	**উপ-আঞ্চলিক কেন্দ্র, কালীগঞ্জ** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কলেজ রোড, করিমপুর কালীগঞ্জ, লালমনিরহাট। ফোন : ০৫৯২৪-৫৬০০৩

<table>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ঠাকুরগাঁও
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সিঙ্গিয়া, ঠাকুরগাঁও।
ফোন : ০৫৬১-৬১৭৯৫</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, কুড়িগ্রাম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সদর হাসপাতাল রোড, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮১-৬১৮২৩</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, বগুড়া
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
বিশ্বরোড, বনানী, বগুড়া।
ফোন : ০৫১-৬২৭৯৪</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, গাইবান্ধা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
পলাশবাড়ী রোড (সড়ক ভবন সংলগ্ন),
গাইবান্ধা।
ফোন : ০৫৪১-৫২৩২৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, জয়পুরহাট
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
খঞ্জনপুর (পিটিআই এর সামনে),
জয়পুরহাট।
ফোন : ০৫৭১-৬৩৪৩১</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, সিরাজগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ফকিরতলা, সিরাজগঞ্জ।
ফোন : ০৭৫১-৬৩১৪৬</td><td></td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নওহাটা, পবা, রাজশাহী-৬২১৩।
ফোন : ০২৪৭-৮০০০০৮, ফ্যাক্স : ০২৪৭-৮০০০০৯</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
রেহাইর চর, (মহানন্দা ব্রিজ টোলঘর
সংলগ্ন) চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০।
ফোন : ০৭৮১-৬২২৬০</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নওগাঁ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ডি/১৮, চকদেব পাড়া
(সরিষাহাটি মোড়), নওগাঁ-৬৫০০।
ফোন : ০৭৪১-৬১৭৪৫</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, পাবনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের নিকটে)
রাজাপুর, পাবনা।
ফোন : ০৭৩১-৬৪৭২১</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নাটোর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(নাটোর জজ কোর্ট-এর বিপরীতে)
নাটোর-৬৪০০।
ফোন : ০৭৭১-৬৬৪৬৯</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, ফরিদপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
হাড়োকান্দি, ফরিদপুর।
ফোন : ০৬৩১-৬২০৮১, ফ্যাক্স : ০৬৩১-৬৩২২৮</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, শরীয়তপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(ফায়ার সার্ভিস অফিস সংলগ্ন),
শরীয়তপুর ।</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, রাজবাড়ী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মনিবুর রহমান হাউজ, বাড়ী নং ১৭৭,
ওয়ার্ড নং ৬, সজ্জনকান্দা, রাজবাড়ী।</td></tr>
</table>

<table>
<tr><td>ফোন: ০৬০১-৬১২২০</td><td>ফোন : ০৬৪১-৬৬১৪৩</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, গোপালগঞ্জ
শেখ ফজিলাতুননেছা সরকারী মহিলা
কলেজ রোড, গোপালগঞ্জ।
ফোন : ০২৬৬৮-১৩৯৫</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মাদারীপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কাজী মোস্তফা সড়ক, পাঠককান্দি
আব্দুল্লাহ ভবন, মাদারীপুর।
ফোন: ০৬৬১-৬২০৫৪</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, যশোর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
উপশহর, যশোর।
ফোন : ০৪২১-৬৮৫২৬</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ছোট কামারকুন্ডু, যশোর রোড
ডাক-রতনহাট, সদর
ঝিনাইদহ-৭৩০০।
ফোন : ০৪৫১-৬১১৫৭</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, চুয়াডাঙ্গা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মুসলিমপাড়া(বাইপাস সড়ক),
চুয়াডাঙ্গা-৭২০০।
ফোন : ০৭৬১-৬৩০৫৬</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নড়াইল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সিটি কলেজের উত্তর পার্শ্বে,
মহেশখোলা, নড়াইল-৭৫০০।
ফোন : ০৪৮১-৬২৯০৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মেহেরপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
হোল্ডিং নং-৭৬৭৮, পোস্ট অফিসপাড়া
(মেইন পোস্ট অফিসের পিছনে),
মেহেরপুর-৭১০০।
ফোন : ০৭৯১-৬২১৪৪</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মাগুরা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মাগুরা কেন্দ্রীয় বাস টার্মিনালের দক্ষিণ
পার্শ্বে, পারনান্দুয়ালী, মাগুরা-৭৬০০।
ফোন : ০৪৮৮-৬৩২০৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্রে, কুষ্টিয়া
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কাস্টমস মোড় (স্টেডিয়ামের
বিপরীতে), কুষ্টিয়া-৭০০০।
ফোন : ০৭১-৬২৪৩৭</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, খুলনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
জিরো পয়েন্ট, রৌসনীবাগ, পোঃ খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৮। ফোন: ০৪১-৭৩১৭৯৫</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, বাগেরহাট
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নতুন জেলখানা রোড
বাগেরহাট- ৯৩০০।
ফোন: ০৪৬৮-৬২৪২০</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, সাতক্ষীরা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মেহেদীবাগ, বকচর রোড, রসুলপুর,
সাতক্ষীরা-৯৪০০।
ফোন: ০৪৭১-৬৪৯৪৯</td></tr>
</table>

কেন্দ্রীয় পরামর্শ ও নির্দেশনা

দূরশিক্ষণ পদ্ধতিতে আপনি চিঠিপত্র বা ফোনের মাধ্যমে সরাসরি বাউবি থেকে নিম্নোক্ত ঠিকানায় পরামর্শ ও নির্দেশনা পেতে পারেন।

চিঠি লেখার ঠিকানা

যে বিষয়ে চিঠি লিখবেন	যার কাছে লিখবেন
কোর্স সংক্রান্ত বিষয়	**ডিন** ওপেন স্কুল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর - ১৭০৫ ফোন - ৯২৯১১০৯ ই-মেইল : bou_os@yahoo.com
সংশ্লিষ্ট পাঠসামগ্রী সংক্রান্ত বিষয়	**কোর্স কো-অর্ডিনেটর** বিষয়ঃ ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর - ১৭০৫।
প্রশাসনিক বিষয়, ভর্তি, রেজিস্ট্রেশন, টিউটোরিয়াল সার্ভিস সংক্রান্ত বিষয়	**পরিচালক** স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস বিভাগ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫ ফোন - ৯২৯১১২৭
পরীক্ষা, পরীক্ষার তারিখ, ফলাফল সংক্রান্ত বিষয়	**পরীক্ষা নিয়ন্ত্রক** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫ ফোন নং- ৯২৯১১০৫
রেডিও ও টিভি অনুষ্ঠান সংক্রান্ত বিষয়	**পরিচালক** মিডিয়া বিভাগ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫ ফোন নং- ৯২৯১১২৮
অন্যান্য যেকোনো বিষয়ে	**সহকারী পরিচালক** ছাত্র নির্দেশনা ও পরামর্শ দান দপ্তর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫ ফোন- ৯২৯১১০১-৪ এক্স-২৫৯

চিঠিপত্র, ই-মেইল লেখার ক্ষেত্রে স্পষ্টভাবে আপনার বিষয় উল্লেখ করুন এবং পরিষ্কার ও সংক্ষিপ্তভাবে আপনার সমস্যা বা বক্তব্য তুলে ধরুন। পাঠ্যপুস্তকের ক্ষেত্রে কোর্সের নাম, ইউনিট ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করুন। আপনার পত্রের

জবাব সরাসরি, ডাকযোগে অথবা বেতার ও টিভি অনুষ্ঠানের মাধ্যমে পেতে পারেন।